

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

বড়লেখা শাখা, হাজী মনিরউদ্দিন শপিং সিটি, থানা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স আব্দুল হাই এর স্বপ্নাধিকারী জনাব আব্দুল হাই, পিতা: মৃত আব্দুল গফফার, মাতা: মৃত ময়মুন নেছা, ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা- রেলওয়ে মার্কেট, থানা- বড়লেখা, জেলা- মৌলভীবাজার, স্থায়ী ঠিকানা- গ্রাম: দণ্ডের মহাল, পো: তালিমপুর, থানা: বড়লেখা, জেলা: মৌলভীবাজার কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২১/০৬/২০১৮ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ১৫,৪৬,২৪০/৪৬ (পনের লক্ষ ছিচল্লিশ হাজার দুইশত চল্লিশ টাকা ছিচল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনাধি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলাম বিক্রয়ের জন্য অন্যত্র ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

জেলা- মৌলভীবাজার, থানা ও সাবরেজিষ্ট্রী অফিস- বড়লেখা, মৌজা- দণ্ডের মহাল, জে.এল. নং- ৭৬, খতিয়ান নং-৩৩১, হাল -২০২, প্লট নং- এস,এ ২২৪, হাল-৪৪২, নামজারী খতিয়ান নং-৭৪৯, মোট জমির পরিমাণ ৫৭ (সাতান্ন) শতাংশ।

নিলামের শর্তাবলী

(১)	আগামী ০৮.০৮.২০১৮ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা, মৌলভীবাজার এ রক্ষিত বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
(২)	প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০০,০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০০,০০/- (দশ লক্ষ) টাকার অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার % উদ্ধৃত দর ৫০,০০০,০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা তা তার অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা, মৌলভীবাজার এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে
(৩)	অনূর্ধ্ব ১০,০০০,০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে %, উদ্ধৃত দর ১০,০০০,০০/- (দশ লক্ষ) টাকার অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার % উদ্ধৃত দর ৫০,০০০,০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০০,০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে দর দাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
(৪)	দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
(৫)	দাখিলকৃত দরপত্রের সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
(৬)	ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রেশন ফি ষ্ট্যাম্প ডিউটি বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী আধাসরকারী স্বার্থশাষিত

	প্রতিষ্ঠানের যথা সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াছা, ডেসা/ডেস্কো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ভূমি কর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহার সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
(৭)	দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
(৮)	দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
(৯)	ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

শাখা ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, বড়লেখা শাখা,
মৌলভীবাজার।

